গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

দপ্তরের নাম : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

বিষয় : ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থবছর) |
| ০১. | ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ | অদ্যাবধি বিএমডি কর্তৃক প্রদানকৃত বিভিন্ন খনিজের অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা তথ্য ডিজিটালি সংরক্ষণের নিমিত্ত বিএমডির অভ্যন্তরীণ সেবার অংশ হিসাবে 'ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ' সফটওয়্যার প্রণয়ন করা হয়েছে। উক্ত সফটওয়্যারে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানকৃত অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারার স্থান, সময়কাল, আদায়কৃত রাজস্ব সংক্রান্ত তথ্য সংরক্ষিত রয়েছে। | কার্যকর | হ্যাঁ | archive.bomd.gov.bd | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০১৮-১৯ |
| ০২. | খনিজ তথ্য কণিকা | দেশের কোথায় কোথায় কোন কোন খনিজ (তেল ও গ্যাস ব্যতীত) রয়েছে এবং বর্তমানে চলমান অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা সম্পর্কে নাগরিকগণ যেন সহজে ধারণা লাভ করতে পারে সে লক্ষ্যে 'খনিজ তথ্য কণিকা' প্রণয়ন করা হয়েছে। এতে খনিজ সম্পদসমৃদ্ধ এলাকার বিস্তারিত তথ্য মানচিত্রের মাধমে সন্নিবেশ করা হয়েছে। | কার্যকর | হ্যাঁ | mic.bomd.gov.bd | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০১৮-১৯ |
| ০৩. | পেনশন সেবা সহজিকরণ | বিএমডির কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক অবসরোত্তর পেনশন সেবা প্রাপ্তি সহজিকরণের নিমিত্ত 'পেনশন সেবা সহজিকরণ' করা হয়েছে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০১৯-২০ |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থবছর) |
|---|---|---|---|---|---|---|---|
| ০৪. | ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালুকরণ | সকল কম্পিউটার/ল্যাপটপে এক নেটওয়ার্কে ল্যান সিস্টেমে সহজেই ফটোকপি মেশিনে ফটোকপি/প্রিন্ট এবং যাদের কম্পিউটার/ল্যাপটপে প্রিন্টার সংযোগ নাই তাঁরা যেন সহজেই ফটোকপি/প্রিন্ট করতে পারে। এ ছাড়া, প্রিন্টারের সংখ্যা কমিয়ে খরচ, সময় ও কালি সাশ্রয়ের লক্ষ্যে চালু করা হয়েছে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২০-২১ |
| ০৫. | ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সফটওয়্যার | বিএমডির সকল নাগরিক সেবা (অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা) অনলাইন/অটোমেশনের আওতায় আনার লক্ষ্যে 'E-LICENSE AND LEASE MANAGEMENT SYSTEM' সফটওয়্যার প্রণয়ন করা হয়েছে। বর্ণিত সফটওয়্যারের মাধ্যমে নাগরিকগণ ঘরে বসে অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারার আবেদন করতে পারবে। | কার্যকর | হ্যাঁ | esheba.bomd.gov.bd | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২০-২১ |
| ০৬. | উইমেন্স কর্নার | বিএমডির নারী কর্মকর্তা/কর্মচারীদের নামাজ, আকস্মিক অসুস্থতাজনিত কারণে প্রাথমিক চিকিৎসা এবং ব্রেস্ট ফিডিংয়ের লক্ষ্যে 'উইমেন্স কর্নার' স্থাপন করা হয়েছে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২১-২২ |
| ০৭. | স্ব-উদ্যোগে ইজারাগ্রহীতাদের নিরাপত্তা জামানতের চেক ফেরত প্রদান | ইজারার মেয়াদ শেষে ইজারাগ্রহীতাদের নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বিএমডি কর্তৃক এফডিআর নগদায়নপূর্বক চেক প্রস্তুত করে স্ব-উদ্যোগে ইজারাগ্রহীতাদের নিকট হস্তান্তর করার লক্ষ্যে উদ্যোগটি চালু করা হয়েছে। ফলে ইজারাগ্রহীতাগণ দ্রুত ও সহজে তাঁদের নিরাপত্তা জামানতের চেক ফেরত পাবে। | কার্যকর | হ্যাঁ | প্রযোজ্য নয় | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২১-২২ |
| ০৮. | ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপন | বিএমডির 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' এবং অন্যান্য কার্যক্রম ডিজিটালি প্রদর্শনের নিমিত্ত ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে জন্য কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপন করা হয়েছে। এর ফলে বিএমডিতে আগত সেবা প্রত্যাশীগণ বিএমডি কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা ও অন্যান্য কার্যক্রম ডিজিটাল মেশিনে দেখতে পারবে। | কার্যকর নয়, যা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | না | প্রযোজ্য নয় | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২০-২১ |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থবছর) |
|---|---|---|---|---|---|---|---|
| ০৯. | পারসনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস) | বিএমডির সকল কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত এবং দাপ্তরিক তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের লক্ষ্যে অভ্যন্তরীণ সেবার অংশ হিসাবে সফটওয়্যারটি প্রণয়ন করা হয়েছে। এতে কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ আইডি ব্যবহার করে ব্যক্তিগত তথ্য, নৈমিত্তিক ছুটি, অর্জিত ছুটি, শ্রান্তিবিনোদন ছুটিসহ পিআরএল সংক্রান্ত রিপোর্ট উক্ত সফটওয়্যার হতে ডাউনলোড করতে পারবে। | কার্যকর | হ্যাঁ | pmis.bomd.gov.bd | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২১-২২ |
| ১০. | ডিজিটাল পদ্ধতিতে কর্মকর্তা-কর্মচারীদের এসিআর তথ্য সংরক্ষণ | বিএমডির কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদনের তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের লক্ষ্যে বর্তমানে বিদ্যমান PMIS (Personal Management Information System) সফটওয়্যারটিকে কাস্টমাইজেশন (আপগ্রেড) করে বার্ষিক গোপনীয় অনুবেদনের তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত ফটওয়্যারে বার্ষিক গোপনীয় অনুবেদনের তথ্য শুধুমাত্র সফটওয়্যারের সুপার এডমিন দেখতে পারবে। | কার্যকর | হ্যাঁ | pmis.bomd.gov.bd | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২২-২৩ |
| ১১ | "খনিজ তথ্য কণিকা" আপগ্রেডেশন | বিএমডির ইতঃপূর্বে প্রণয়নকৃত খনিজ তথ্য কণিকা আপগ্রেডেশন করা হয়েছে। উক্ত আপগ্রেডেশন এর আওতায় বাংলাদেশের গেজেটভুক্ত খনিজ সম্পদ সমূহের এলাকা ভিত্তিক অবস্থান , মৌজা ও দাগ নম্বর ম্যাপের মাধ্যমে প্রদর্শন করা হয়েছে। এর মাধ্যমে সেবা প্রত্যাশীগণ খুব অল্প সময়ের মধ্যে এলাকাসমূহ চিহ্নিত করতে পারবেন এবং মঞ্জুরীকৃত খনিজ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারাসহ অন্যান্য তথ্য জানতে পারবেন। ইতঃপূর্বে এ সকল তথ্য গেজেট থেকে খুঁজে পাওয়া সময়সাধ্য ছিল, যা এই আপগ্রেডেশন এর মাধ্যমে সহজেই ক্লিক করে জেনে নিতে পারবেন। | কার্যকর | হ্যাঁ | mic.bomd.gov.bd | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) | ২০২৩-২৪ |

০৯-১০-২০২৪
ফারজানা হক
সহকারী পরিচালক (খনি প্রকৌশল)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

০৯/১০/২০২৪
আজিজুল হক
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

০৯.১০.২০২৪
মোঃ মামুনুর রশীদ
পরিচালক (খনি ও খনিজ) (রুটিন দায়িত্ব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৯.১০.২০২৪
মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্ম সচিব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার